

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-১
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.২৩৬

তারিখ: ৩ আশ্বিন ১৪২৬


১৮ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: বাংলাদেশ পুলিশের আওতাধীন এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্সসহ ফোর্সের ব্যারাক ও অন্যান্য স্থাপনা নির্মাণের নিমিত্ত ১০.০০ (দশ) একর জমি অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৪৪.০১.০০০০.৯৮৫.০৬.০০৩.১৯-৩১০; তারিখঃ ২১/০৮/২০১৯ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পুলিশের আওতাধীন এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্সসহ ফোর্সের ব্যারাক ও অন্যান্য স্থাপনা নির্মাণের নিমিত্ত ১০.০০ (দশ) একর জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করা হয়। চাহিতব্য জমির ছাড়পত্র প্রদানের জন্য দাখিলকৃত তথ্য ও নকশা অসম্পূর্ণ থাকায় প্রস্তাবিত জমি অধিগ্রহণের ছাড়পত্র প্রদান করার সুবিধার্থে নিম্নলিখিত নকশা ও তথ্যাদিসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে জরুরী প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১. আর. এস. মৌজা ম্যাপের উপর চিহ্নিতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগসূচীসহ সাইট প্ল্যান।
২. প্ল্যানিং কমিশন স্ট্যান্ডার্ড অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা অথবা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক জমির প্রাপ্যতার প্রত্যয়ন পত্র।
৩. প্রত্যাশী সংস্থা কর্তৃক মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র।
৪. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত ভূমি অধিগ্রহণ ছাড়পত্র।



১৮-৯-২০১৯

শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান
সিনিয়র প্ল্যানার

মোঃ ওয়ালিদ হোসেন, পুলিশ সুপার (প্রশাসন)
এন্টি টেররিজম ইউনিট, বাড়ি নং-৩৫, সোহরাওয়ার্দী
এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.২৩৬/১(৬)


তারিখ: ৩ আশ্বিন ১৪২৬

১৮ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

- ৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর
৫) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর
৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৮-৯-২০১৯

ফৌজিয়া শারমিন তিথি
প্ল্যানার